

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ১৩১২

১/ বিবিধ

আরবী

جاءني جبريل فقال: يا محمد! إذا توضأت فانتضح
منكر

أخرجه الترمذي (1/71/50) وابن ماجه (1/157/463) والعقيلي في "الضعفاء" (ص 85) من طريق الحسن بن علي الهاشمي عن عبد الرحمن الأعرج عن أبي هريرة: "أن جبريل عليه السلام علم النبي صلى الله عليه وسلم الوضوء فقال.. " فذكره وقال الترمذي: " هذا حديث غريب. وسمعت محمدا (يعني: البخاري) يقول: الحسن بن علي

الهاشمي منكر الحديث

قلت: وهو متفق على تضعيفه. وقال العقيلي: " لا يتابع عليه من هذا الوجه، وقد روي بغير هذا الإسناد بإسناد صالح قلت: وكأنه يعني ما رواه ابن لهيعة عن عقيل عن الزهري عن عروة قال: حدثنا أسامة بن زيد عن أبيه زيد بن حارثة قال: قال رسول الله صلى الله عليه وسلم: " علمني جبرائيل الوضوء، وأمرني أن أنضح تحت ثوبي لما يخرج من البول بعد

الوضوء

أخرجه ابن ماجه (رقم 462) والبيهقي (1/161) وأحمد (4/161) من طرق عن ابن لهيعة به، والسياق لابن ماجه، وسياق الآخرين ليس فيه الأمر بالنضح وإنما هو من فعله صلى الله عليه وسلم، وكأن هذا الاختلاف، إنما هو من ابن

لهيعة فإنه سيء الحفظ، وقد تابعه على رواية الفعل رشدين بن سعد إلا أنه خالفه في السند فقال: عن عقيل وقرة عن ابن شهاب عن عروة عن أسامة بن زيد أن جبريل عليه السلام.. الحديث نحوه من فعله صلى الله عليه وسلم أخرجه الدارقطني في "سننه" (ص 41) وأحمد (5/203) وليس في سنده وقرة فالحديث الفعلي حسن بمجموع الطريقتين عن عقيل، واختلاف ابن لهيعة وابن سعد في إسناده لا يضر لأنه على كل حال مسند، فإن أسامة بن زيد صحابي كأبيه وأما الحديث القولي فمكرر. والله أعلم

বাংলা

১৩১২। আমার নিকট জিবরীল এসে বললেনঃ হে মুহাম্মাদ! আপনি যখন ওয়ু করবেন তখন পানি ছিটিয়ে দিন।

হাদীসটি মুনকার। (পানি ছিটিয়ে দেয়ার নির্দেশ সম্বলিত হাদীস দুর্বল, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কর্ম হিসেবে পানি ছিটিয়ে দেয়ার হাদীস সহীহ)।

হাদীসটি ইমাম তিরমিযী (৫০), ইবনু মাজাহ (৪৬৩) ও ওকায়লী "আয-যুয়াফা" গ্রন্থে (পৃঃ ৮৫) হাসান ইবনু আলী হাশেমী সূত্রে আব্দুর রহমান আল আ'রাজ হতে, তিনি আবু হুরাইরাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন।

ইমাম তিরমিযী বলেনঃ হাদীসটি গারীব। আমি ইমাম মুহাম্মাদকে (বুখারীকে) বলতে শুনেছিঃ হাসান ইবনু আলী হাশেমী মুনকারুল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ তার দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত।

ওকায়লী বলেনঃ এ সূত্রে তার মুতাবা'য়াত করা হয়নি, অন্য সূত্রে ভালো সনদে বর্ণনা করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ তিনি সম্ভবত এর দ্বারা সেই বর্ণনাটিকে বুঝাচ্ছেন যেটি ইবনু লাহিয়্যাহ আকীল হতে, তিনি যুহরী হতে, তিনি উরওয়াহ হতে, তিনি উসামাহ ইবনু যায়েদ হতে, তিনি তার পিতা যায়েদ ইবনু হারেসাহ (রাঃ) হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "আমাকে জিবরীল ওয়ুর পদ্ধতি শিখিয়ে দিয়ে আমাকে আমার কাপড়ের নিচে পানি ছিটিয়ে দেয়ার নির্দেশ প্রদান করেন, ওয়ুর পরে পেশাব বের হওয়ার কারণে।"

এ হাদীসটি ইবনু মাজাহ (৪৬৪), বাইহাকী (১/১৬১) ও আহমাদ (৪/১৬০) ইবনু লাহিয়্যাহ সূত্রে বর্ণনা করেছেন।

এখানের এ ভাষাটি ইবনু মাজার। অন্যদের বর্ণনায় পানি ছিটিয়ে দেয়ার নির্দেশটি নেই। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কর্ম হিসেবে পানি ছিটিয়ে দেয়ার বিষয়টি সাব্যস্ত হয়েছে। যেমন ইমাম আহমাদের (২১২৬৪) নম্বরের হাদীস। ইবনু লাহিয়্যার ত্রুটিযুক্ত হেফযের কারণেই সম্ভবত এরূপ ঘটেছে।

অতএব রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নির্দেশ সম্বলিত মৌখিক হাদীস মুনকার। তার কর্ম হিসেবে সহীহ হাদীস বর্ণিত হয়েছে, দেখুন “সহীহ ইবনু মাজাহ্ (৪৬১, ৪৬৪) ও “সহীহ জামেইস সাগীর” (৪৬৯৭)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72191>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন